গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজ কল্যাণ মন্ত্রণালয়
সামাজিক নিরাপত্তা শাখা

বিষয়ঃ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত খসড়া কর্ম-পরিকল্পনা পর্যালোচনার নিমিত্ত মন্ত্রিপরিষদ
বিভাগ কর্তৃক গঠিত ‘সামাজিক সহায়তা কাষ্টার কমিটি’র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ জিল্লার রহমান<br>সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ১৮ জুন ২০১৭, সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| সভার উপস্থিতি | : | **পরিশিষ্ট-ক** |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কার্যক্রম)কে অনুরোধ জানান। অতিরিক্ত সচিব (কার্যক্রম) সভাকে জানান জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের অংশগ্রহণে মন্ত্রিপরিষদ বিভাগ এবং সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক খসড়া কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ মন্ত্রণালয় সম্পর্কিত খসড়া কর্মপরিকল্পনা পর্যালোচনার জন্য গত ০২ মে ২০১৭ তারিখে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। এ সভার সিদ্ধান্ত অনুযায়ী বর্ণিত খসড়া কর্মপরিকল্পনার কিছু বিষয় সংশোধন করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের কর্মপরিকল্পনা উপ কমিটির সভায় সংশোধিত খসড়া কর্মপরিকল্পনাটি পর্যালোচনা করা হয় এবং এটি সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত ‘থিমেটিক ক্লাস্টার কমিটি’র সভায় পর্যালোচনা করার সিদ্ধান্ত গৃহিত হয়।

০২। অতিরিক্ত সচিব (কার্যক্রম) সভাকে আরো জানান সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫ এর ৬.৩.১ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত কেন্দ্রীয় পরবীক্ষণ

কমিটির গত ১৮ অক্টোবর ২০১৫ এবং ৫ মে ২০১৬ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী দেশের সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় চলমান কর্মসূচিসমূহের ব্যবস্থাপনা সহজীকরণ, দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি এবং বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে পারস্পারিক সহযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে কর্মসূচিসমূহের কার্যক্রমে অভিন্নতা বা ঘনিষ্টতার ভিত্তিতে পরিচালনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের সমন্বয়ে ০৫টি ‘বিষয়কভিত্তিক কর্মসূচি ক্লাস্টার’ গঠন করা হয়। এর মধ্যে ‘সামাজিক সহায়তা ক্লাস্টারভুক্ত’ মন্ত্রণালয়সমূহ যথাক্রমে সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ও শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। ‘সামাজিক সহায়তা ক্লাস্টারভুক্ত’ মন্ত্রণালয়সমূহের মধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় ‘ক্লাস্টার সমন্বয়ক’-এর দায়িত্ব পালন করবে।

০৩। সভাপতি তাঁর বক্তব্যে বলেন সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় গৃহীত সরকারের বিভিন্ন কর্মসূচী/কার্যক্রম বাস্তবায়নের জন্য ইতোমধ্যে ২৩(তেইশ)টি মন্ত্রণালয়/বিভাগ কাজ করছে। এ সকল কর্মসূচির মাধ্যমে উপকারভোগীদের জীবনমান উন্নয়নে কাংখিত সফলতা অর্জনের জন্য এ সংক্রান্ত কৌশলপত্রের আলোকে মন্ত্রনালয়ভিত্তিক ‘খসড়া কর্মপরিকল্পনা’ প্রণয়ন করা হয়েছে। এছাড়া সামাজিক নিরাপত্তা কর্মসুচিসমূহকে আরো সমন্বিত এবং সুসংহত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ভিত্তিক ‘ক্লাষ্টার’ করা হয়েছে। সভাপতি বলেন ‘সামাজিক সহায়তা ক্লাস্টারভুক্ত’ মন্ত্রণালয় গুলোর মধ্যে ক্ষুদ্র প্রকল্পের আওতায় বিভিন্ন ধরণরে ভাতা প্রদানের ক্ষেত্রে কোন্ মন্ত্রণালয় কি ধরনের কর্মসুচি বাস্তবায়ন করছে, এসকল কর্মসূচির আওতায় কত সংখ্যক উপকারভোগী (বয়স, লিংগ ভিত্তিক) সুবিধা পাচ্ছে এবং মন্ত্রণালয়ভিত্তিক এ সংক্রান্ত আর্থিক সংশ্রেষ ইত্যাদির বিস্তারিত তথ্যাদি জানা প্রয়োজন। এ সকল তথ্যাদির মাধ্যমে ‘ক্লাষ্টারভুক্ত’ মন্ত্রণালয়সমূহের মধ্যে cross-cutting issues’ পর্যালোচনা এবং ভবিষ্যত করনীয় বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে সুবিধা হবে। সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের জন্য প্রস্তাবিত খসড়া কর্ম পরিকল্পনা অনুযায়ী ‘ক্লাষ্টারভুক্ত’ মন্ত্রণালয়/বিভাগের ভাতা প্রদান সংক্রান্ত চলমান কর্মসূচিসমূহর মধ্যে যথাযথ সমন্বয় সাধনের মাধ্যমে উপকারভোগীদের সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় আনা সম্ভব হবে।

০৪। আলোচনাকালে সভায় উপস্থিত ক্লাষ্টারভুক্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিগণ জানান তাঁদের স্ব স্ব মন্ত্রণালয়/ বিভাগের আওতায় বর্তমানে বিভিন্ন ধরণের ভাতা/প্রশিক্ষণ ইত্যাদি

কার্যক্রম  চলমান আছে। অনেক ক্ষেত্রেই এ সকল কার্যক্রমে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সাথে দ্বৈততা (over-lapping) পরিলক্ষিত হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এককভাবে অথবা সমন্বিতভাবে সামাজিক নিরাপত্তার কর্মসূচির আওতায় বিভিন্ন কার্যক্রম কিভাবে পরিচালনা করে  কাংখিত সুফল পাওয়া যেতে পারে তা  'সামাজিক সহায়তা ক্লাস্টারভুক্ত' কমিটির সভায় পর্যালোচনাপুর্বক সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত ক্লাস্টারভুক্ত' মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ একমত প্রকাশ করেন।

০৫।  মন্ত্রিপরিষদ বিভাগের আওতাধীন Social Security Policy Support (SSPS) Programme-এর স্পেশালিস্ট  সভাকে জানান মন্ত্রণালয়সমূহের স্ব স্ব কর্ম-পরিকল্পনার কতিপয় বিষয় সামাজিক ভাতা ক্লাষ্টারভুক্ত অন্যান্য মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনার সংগে সম্পর্কযুক্ত বা অভিন্ন। এ ধরনের cross-cutting বিষয়সমূহের একটি তালিকা জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের আলোকে ক্লাস্টারের কর্মপরিকল্পনায় উপস্থাপিত হয়েছে। সভায়  cross-cutting বিষয় সমূহের ওয়র বিস্তারিত আলোচনা হয়। সকলে মতামত ব্যক্ত করেন যে,  এসব কার্যক্রমের দ্বৈততা পরিহার এবং সমন্বয়হীনতা নিরসন করার লক্ষ্যে ক্লাস্টার কমিটির দ্বিমাসিক সভায় নিয়মিত পর্যালোচনা করার প্রয়োজন হবে।  তাছাড়া, সভায় কর্মপরিকল্পনাটির ওপর সার্বিকভাবে আলোচনান্তে এটি নীতিগতভাবে সমর্থন করা হয়। তবে কোন মন্ত্রণালয়ের নিজস্ব  কর্মপরিকল্পনার বিষয়ে সুনির্দিষ্ট সংশোধনী প্রস্তাব থাকলে তা সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগের প্রেরণ করা যেতে পারে মর্মে সকলে ঐকমত্য প্রকাশ করেন।

০৬।  বিস্তরিত আলোচনাশেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক.  'সামাজিক সহায়তা ক্লাস্টারভুক্ত' মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ক্ষুদ্র প্রকল্পের আওতায়  কোন্ মন্ত্রণালয় কি ধরনের কর্মসুচি বাস্তবায়ন করছে এবং এসকল কর্মসূচির আওতায় কত সংখ্যক উপকারভোগী (বয়স, লিংগ ভিত্তিক) সুবিধা পাচ্ছে এবং মন্ত্রণালয়ভিত্তিক এ সংক্রান্ত আর্থিক সংশ্রেষ  ইত্যাদির বিস্তারিত তথ্যাদি আগামী এক মাসের মধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

খ. ক্লাষ্টারভুক্ত মন্ত্রণালয়/বিভাগের ক্ষুদ্র প্রকল্পের আওতায় বিভিন্ন ভাতা প্রদানের বিষয়ে নিজের মন্ত্রণালয় ও ক্লাষ্টারভুক্ত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের খসড়া কর্মপরিকল্পনা পর্যালোচনা করবে এবং cross-cutting বিষয়সমূহ, কার্যক্রমে দ্বৈততার বিষয়গুলো চিহ্নিত করে পরবর্তী সভায় উপস্থাপন করবে।

গ. জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল কর্মপরিকল্পনার খসড়াটি নীতিগতভাবে সমর্থন করা হয়। তবে কোন মন্ত্রণালয়ের নিজস্ব কর্মপরিকল্পনার বিষয়ে সুনির্দিষ্ট সংশোধনী প্রস্তাব থাকলে তা সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগের প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(SD)

মোঃ জিল্লার রহমান<br>
সচিব<br>
সমাজকল্যাণ মন্ত্রণালয়